**কবিতা/গল্প প্রকাশ**

সংবাদপত্রের সাহিত্য পৃষ্ঠায় "কবিতা/গল্প" প্রকাশিত করতে যোগাযোগ নং- ৯০৬২৮৬৭৯২১

* * * * * * * * * * * * * * * * * * * * *

হাওড়া থেকে প্রকাশিত বাংলা দৈনিক

# এই যুগ

EI YUG

"ওঠো, জাগো, লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থামো না"

- স্বামী বিবেকানন্দ

ইন্টারনেট সংস্করণ : eiyug.in [ PRICE। মূল্য-2 টাকা ]

HOWRAH । হাওড়া | DAILY।দৈনিক | RNI:WBBEN/2020/81746 | 1 JULY 2025 , TUESDAY । ১ জুলাই ২০২৫ , মঙ্গলবার | VOLUME । বর্ষ-5 | ISSUE । সংখ্যা-319 | PAGE । পৃষ্ঠা-4

## কসবা ল' কলেজের গন ধর্ষণের ঘটনার প্রতিবাদে আলিপুরদুয়ার ডুয়ার্স কন্যা ঘেরাও বিজেপির




সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩০ জুন: কসবা আইন কলেজে ছাত্রীকে গন ধর্ষণের ঘটনায় জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি ও মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে সোমবার আলিপুরদুয়ার জেলা প্রশাসনের মুখ্য কার্যালয় ডুয়ার্স কন্যা ঘেরাও করলেন বিজেপি কর্মী সমর্থকরা। এদিন বিজেপির আলিপুরদুয়ার জেলা কমিটির উদ্যোগে আয়োজিত এই কর্মসুচি শুরু হয় মিছিল করে। বিজেপি কর্মী সমর্থকরা মিছিল করে ডুয়ার্স কন্যায় যান জেলা প্রশাসনের মুখ্য কার্যালয় ডুয়ার্স কন্যা ঘেরাও করে বিক্ষোভ প্রদর্শন করেন। উপিস্থিত ছিলেন সাংসদ মনোজ টিপ্পা, কুমারগ্রামের বিধায়ক মনোজ কুমার ওঁরাও , দলের জেলা সভাপতি মিঠু দাস সহ অন্যান্য নেতৃত্ব।

## উৎসর্গ কর্মসূচি অনুসারে রক্তদান শিবির



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,৩০ জুন : শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের উদ্যোগে মল্লাগুড়ি পুলিশ লাইনে সোমবার আয়োজিত হয় উৎসর্গ কর্মসূচি অনুসারে রক্তদান শিবির। এদিনের শিবিরের উদ্বোধন করেন শিলিগুড়ির পুলিশ কমিশনার সি সুধাকর। উপস্থিত ছিলেন পুলিশের অন্যান্য আধিকারিকগন। এদিনের শিবিরে পুলিশ কর্মী ও রক্তদানে উৎসাহী এলাকার সাধারন মানুষ রক্তদান করেন। শিবিরে মোট একশো ছয় ইউনিট রক্ত সংগ্রহ হয়েছে।

## পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের আদিবাসী ও অনগ্রসর শ্রেনী কল্যান দপ্তরের উদ্যোগে হুল দিবস উদযাপন



সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ , আলিপুরদুয়ার , ৩০ জুন: পশ্চিমবঙ্গ সরকারের আদিবাসী ও অনগ্রসর শ্রেনী কল্যান দপ্তরের উদ্যোগে এবং কুমারগ্রাম ব্লক প্রশাসনের সহায়তায় নিউল্যান্ডস চা বাগানের ফুটবল ময়দানে সোমবার উদযাপিত হলো পবিত্র হুল দিবস। উপস্থিত ছিলেন রাজ্যসভার সাংসদ প্রকাশ চিক বরাইক, আলিপুরদুয়ার জেলা পরিষদের সভাধিপতি স্নিগ্ধা শৈব , অতিরিক্ত জেলাশাসক , আলিপুরদুয়ার এর বিধায়ক সুমন কাঞ্জিলাল , কুমারগ্রাম পঞ্চায়েত সমিতির সভাপতি জুলি লামা, কুমারগ্রামের বিডিও রজত কুমার বলিদা , ব্লক স্বাস্থ্য আধিকারিক সৌম্য গায়েন সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগন। ইংরেজ শাসনের বিরুদ্ধে ১৮৫৫ সালের জুন মাসের ত্রিশ তারিখ সিধো ও কানু মূর্মুর নেতৃত্বে সাঁওতাল সম্প্রদায়ের যে বিদ্রোহ শুরু হয়েছিলো ইতিহাসে সে বিদ্রোহ হুল নামে পরিচিত। এদিন সিধো কানুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানে আদিবাসী সম্প্রদায়ের নৃত্য গীত পরিবেশনের পাশাপাশি তীরন্দাজী খেলা হয়। অনুষ্ঠান মঞ্চ থেকে আদিবাসী সম্প্রদায়ের মানুষদের বিভিন্ন সরকারি পরিষেবা প্রদান করা হয়।

## আগ্নেয়াস্ত্র সহ গ্রেপ্তার এক কোচবিহারে



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,৩০ জুন: কোচবিহার জেলা পুলিশের ঘোকসাডাঙ্গা থানার পুলিশ গোপন সুত্রে খবর পেয়ে সোমবার রাতে প্রেমেরডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের সুভারপাথার রেলওয়ে আন্ডারপাস লাগোয়া এলাকায় অভিযান চালিয়ে এক ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় একটি দেশীয় আগ্নেয়াস্ত্র। উদ্ধার করা আগ্নেয়াস্ত্র বাজেয়াপ্ত করে আটক ব্যক্তিকে গ্রেপ্তার করে তার বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করা হয়। ধৃতকে আদালতে পেশ করে ধৃতের নাম ঠিকানা গোপন রেখে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

## জেলার কথা

# সিধু কানু কলেজ মাঠে হুল উৎসব




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩০ জুন : আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের শামুকতলা গ্রাম পঞ্চায়েতের বড়পুখুরিয়া সিধু কানু কলেজ মাঠে হুল দিবস পালন করলেন আদিবাসী সম্প্রদায়ের মানুষেরা। সোমবার সন্ধ্যা সাড়ে ছটা নাগাদ ওই এলাকায় গিয়ে দেখা গেল প্রচুর লোকের সমাবেশ হয়েছে হুল দিবসের অনুষ্ঠানে। ঐতিহাসিক সাঁওতাল আন্দোলনের স্মরণে ৩০ শে জুন গভীর শ্রদ্ধা এবং আবেগের বশে পালিত হলো হুল দিবস। বেসরকারি উদ্যোগে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিভিন্ন অতিথিরা। অথিতি বরণের পাশাপাশি সিধু-কানুর প্রতিকৃতিতে মাল্যদান করে নানা রকম অনুষ্ঠানের আয়োজন করা হয়। অধিক রাত পর্যন্ত চলতে থাকবে তাদের এই অনুষ্ঠান।

## কাগজের নৌকা

**১ জুলাই ২০২৫ , মঙ্গলবার**

### সম্পর্ক

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর , পশ্চিমবঙ্গ )

চুল ছেঁড়া-ছেঁড়ি করে লাভ আছে কি ,
মত বিরোধ আছে বলে হচ্ছে রক্তপাত ,
হঠাৎ করে মানচিত্র হচ্ছে ভাগাভাগি ,
মাটি আর সীমানা হচ্ছে বন্টন ,
সীমানা- প্রান্তে ফাটছে বোমা ,
মিসাইল প্রযুক্তিতে তৈরি করা রকেট ,
মানুষ মারার যুদ্ধাস্ত্র আর জৈবিক মারণাস্ত্র ,
সম্পর্ক-গুলোর সাথে মাঝে মাঝেই ,
চলছে বাকবিতণ্ডা , ঝগড়া অনাসৃষ্টি ,
আবার নতুন সম্পর্ক সৃষ্টি হয় ,
সুস্থ-মস্তিষ্কে যদি ভেবে দেখি ,
সব সম্পর্ক গুলোর ভেতরে রয়েছে ,
অসম্ভব লোভ , হিংসা ,স্বার্থপরতা ,
কপটতা , অভদ্রতা , অসভ্যতা ,
নেই তার কোন মাপকাঠি আর মানদন্ড ,
কেবলই ভাবি যদি এইসব না থাকতো ,
তাহলে হয়তো আমরা পেতাম ,
এক নির্ভেজাল সম্পর্কের ঝুড়ি।
ব্যাকুলতার ভাষাতে নেই কোনো উল্লাস ,
সাফল্যের সিঁড়ি বড়ই ভয়ঙ্কর ,
ভাগ্যের পতন যে ব্যর্থ পথে এগিয়ে চলে ,
সমস্ত যুদ্ধ একসময়ে তো শেষ হয় ,
থাকে না কোন যোদ্ধা , সেই যুদ্ধের ইতিহাস লিখতে ,
সময়ের সাথে সবাইতো হেরেই যায় ,
নির্দিষ্ট নিয়মে সব রয়ে যায় এই ধরণীতে।।




# স্কুলে ঢুকে ছাত্রীকে অপহরণের চেষ্টা ,গ্রেফতার দুই রোমিও




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩০ জুন :শামুকতলা থানা এলাকার একটি স্কুল থেকে দুই রোমিওকে গ্রেফতার করলো শামুকতলা থানার পুলিশ এমনটাই জানা গেছে শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ দের কাছ থেকে সোমবারে ।সোমবার বেলা ১১ টা নাগাদ শামুকতলা পটোতলা এলাকার দুই রোমিও স্কুলে ঢুকে এক ছাত্রীর খোঁজ করতে থাকে। এমনকি ওই রোমিওরা ক্লাসে ক্লাসে গিয়ে ছাত্রীকে খুঁজতে থাকে। যদিও ছাত্রীর পদবী সঠিক ভাবে বলতে পারেনি রোমিওরা। এরপরেই ফোন নম্বরের সূত্র ধরে ছাত্রীর নাম পাওয়া যায়। এরই মধ্যে ক্লাস থেকে তাদের বের করে দু-একটা উত্তম মধ্যম দিয়ে দেয় শিক্ষক। বিষয়টি জানানো হয় পরিচালন কমিটিকে। পরিচালন কমিটির এক কর্মকর্তার হাতেও দু-একটি মার খান রোমিওরা। তৎক্ষণাৎ বিষয়টি জানানো হয় শামুকতলা থানার পুলিশকে। বেলা বারোটা নাগাদ পুলিশ এসে তাদেরকে উদ্ধার করে শামুকতলা থানায় নিয়ে যায়। তবে কোন লিখিত অভিযোগ না থাকায় রাত নটা নাগাদ তাদেরকে বেল বন্ডের মাধ্যমে ছাড়া হয় থানা থেকে। বিষয়টি চাউর হয়ে যায় শামুকতলা থানা এলাকায়। পুলিশ জানিয়েছে তাদের বাড়ি শামুকতলা থানার পটোতলা এলাকায়। দুজনের বয়স ১৮ বছর। তবে একটু বেসরকারি সংস্থা থেকে জানা গেছে ওই দুই যুবকের বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের করা হবে খুলে ঢুকে তল্লাশি করার জন্য। অন্যদিকে অভিভাবক মহলের কপালে ভাঁজ পড়েছে। স্কুলের ভিতর ঢুকে ছাত্রীর খোঁজ তার মানে কি ছাত্রীকে স্কুল থেকে তুলে নিয়ে যাওয়ার জন্যই তারা স্কুলে ঢুকেছিলেন ? এমন প্রশ্ন ও উঠে আসছে অভিভাবক মহল থেকে। তবে স্কুল কর্তৃপক্ষ ছাত্রীর নাম বলতে রাজি হয়নি অন্যদিকে পুলিশ দুই রোমিওর নাম গোপন রেখেছে।



# গাঁজা পাচারে যুক্ত সিভিক ভলেন্টিয়ারের পুলিশ হেফাজত




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩০ জুন : আলিপুরদুয়ার জংশন রেল স্টেশন থেকে গাঁজা পাচারে যুক্ত গ্রেপ্তার দুই সিভিক ভলেন্টিয়ার এবং এক হোমগার্ড কে আলিপুরদুয়ার জেলা আদালত থেকে দুদিনের পুলিশ হেফাজতে নিল জংশন ফাঁড়ির পুলিশ এমনটাই জানা গেছে সোমবার বিকেল পাঁচটা নাগাদ। অভিজিৎ বর্মন নীতিশ রায় এবং মানিকচন্দ্র বর্মন নামে তিনজনকে গ্রেফতার করেছিল আলিপুরদুয়ার জেলা পুলিশ। আলিপুরদুয়ার জেলা পুলিশ এর আগেও তাদেরকে রিমান্ডে নিয়েছিলেন। সোমবার পুনরায় তাদের জিজ্ঞাসাবাদ এর জন্য দুদিনের জন্য পুলিশ হেফাজতে নিয়েছেন এমনটাই জানিয়েছেন জংশন ফাঁড়ির ওসি জগদীশ রায়।

# চা বাগানে চিতা নিয়ে আতঙ্ক ঘটনাস্থলে বনদপ্তরের কর্মীরা




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩০ জুন : বক্সার জঙ্গল থেকে চিতা বের হয়ে এসেছে। এক ব্যক্তির নজরে পড়েছে সেই চিতা। এমন খবর চাউর হওয়ার পরেই সোমবার দুপুরে চা বাগানে সংলগ্ন এলাকায় একের পর এক পটকা ফাটাতে লাগলেন বন কর্মী এবং এলাকার বাসিন্দারা। চিতা বাঘের আতঙ্কে দিশেহারা হয়ে গেছেন বেশ কিছু লোক। কয়েকজন শ্রমিক চিতাবাঘের মতো জন্তুকে দেখে বাঘ বাঘ চিৎকার শুরু করেন।কিন্তু অন্যান্য শ্রমিকরা ছুটে গিয়ে চিতাকে দেখতে পাননি। এরপর এই বিষয়টি জানানো হয় বনদপ্তরের কর্মীদের। বনদপ্তর এর কর্মীরা গিয়ে ওই এলাকায় বেশ কিছু পটকা ফাটাতে থাকে। যদিও এলাকার বাসিন্দারাই বলছেন চিতা জঙ্গলে চলে গেছে। তবে সেই জন্তুটি চিতাবাঘ ছিল না বন বিড়াল এই নিয়ে ধন্দ তৈরি হয়েছে। তবে বন কর্মীরা ওই এলাকায় চিতা বাঘের কোন হদিস পাননি। তবে ওই এলাকার নজরদারি রেখেছে বন কর্মীরা। চা বাগানের এককর্মী জানান , চিতা বাঘের মত একটি জন্তুকে দেখা গেলও কিছু ক্ষণের মধ্যে সেটির আর কোন খোঁজ পাওয়া যায়নি।

# পড়ুয়াকে বেধড়ক মার ,গ্রেফতার শিক্ষক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার , ৩০ জুন : মাদারিহাটের শিক্ষক দীপক ঘোষকে আলিপুরদুয়ার জেলা আদালতে তোলা হলে বিচারক তাকে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন। এমনটাই জানা গেছে পুলিশ সূত্রে সোমবার বিকেল ছয়টা নাগাদ। তৃতীয় শ্রেণীর এক ছাত্রকে বেধড়ক মারপিটের অভিযোগে রবিবার শিক্ষককে গ্রেফতার করে পুলিশ তার বাবার লিখিত অভিযোগের পরিপ্রেক্ষিতে। সোমবার শিক্ষককে আলিপুরদুয়ার জেলা আদালতে তোলা হলে তাকে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেওয়া হয় বিচারকের পক্ষ থেকে। তৃতীয় শ্রেণীর ছাত্রকে বেধড়ক ভাবে মারপিটের ঘটনায় নিন্দার ঝড় বইছে আলিপুরদুয়ার জেলা জুড়ে।



EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , PIN-711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO- 9062867921 ,9836753661 EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।